# শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয় আইন, ২০০১

( ২০০১ সনের ৪৬ নং আইন )

**শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয় স্থাপনকল্পে প্রণীত আইন৷**

যেহেতু কৃষিতে উচ্চতর শিক্ষার প্রসার এবং কৃষির সহিত সম্পর্কযুক্ত আনুষঙ্গিক বিষয়ে উন্নত শিক্ষাদান, গবেষণা, প্রযুক্তি উদ্ভাবন ও হস্তান্তরের উদ্দেশ্যে ঢাকার শেরেবাংলা নগরস্থ বাংলাদেশ এগ্রিকালচারাল ইনস্টিটিউটকে উন্নীত ও রূপান্তরক্রমে শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয় নামে একটি বিশ্ববিদ্যালয় স্থাপন করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্‌দ্বারা নিম্নরূপ আইন করা হইল:-

**সংক্ষিপ্ত শিরোনামা ও প্রবর্তন**

১৷ (১) এই আইন শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয় আইন, ২০০১ নামে অভিহিত হইবে৷

(২) সরকার, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, যে তারিখ নির্ধারণ করিবে সেই তারিখে এই আইন কার্যকর হইবে৷

**সংজ্ঞা**

২৷ বিষয় বা প্রসংগের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই আইনে,-

(১) "অনুষদ" অর্থ বিশ্ববিদ্যালয়ের অনুষদ;

(২) "অর্থ কমিটি" অর্থ বিশ্ববিদ্যালয়ের অর্থ কমিটি;

(৩) "ইনস্টিটিউট" অর্থ বিশ্ববিদ্যালয় কর্তৃক স্থাপিত বা স্বীকৃত ইনস্টিটিউট;

(৪) "একাডেমিক কাউন্সিল" অর্থ বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিল;

(৫) "কর্তৃপক্ষ" অর্থ ধারা ১৭ এ উল্লিখিত কোন কর্তৃপক্ষ;

(৬) "কমিটি" অর্থ এই আইনের অধীনে গঠিত কমিটি;

(৭) "কর্মকর্তা" অর্থ বিশ্ববিদ্যালয়ের কর্মকর্তা;

(৮) "কর্মচারী" অর্থ বিশ্ববিদ্যালয়ের কর্মচারী;

(৯) "কোষাধ্যক্ষ" অর্থ বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ;

(১০) "চ্যান্সেলর" অর্থ বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর;

(১১) "ছাত্র" অর্থ বিশ্ববিদ্যালয়ের কোন ছাত্র বা ছাত্রী;

(১২) "ট্রাস্টি বোর্ড" অর্থ বিশ্ববিদ্যালয়ের ট্রাস্টি বোর্ড;

(১৩) "ডরমিটরী" অর্থ বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের জন্য আবাসস্থল;

(১৪) "ডীন" অর্থ বিশ্ববিদ্যালয়ের অনুষদের ডীন;

(১৫) "তফসিল" অর্থ এই আইনের সহিত সংযোজিত তফসিল;

(১৬) "তত্ত্বাবধায়ক" অর্থ ডরমিটরী বা হোস্টেলের তত্ত্বাবধায়ক;

(১৭) "নির্ধারিত" অর্থ সংবিধি, অধ্যাদেশ বা প্রবিধান দ্বারা নির্ধারিত;

(১৮) "পরিচালক" অর্থ ইনষ্টিটিউটের পরিচালক ও ধারা ৮ এ উল্লিখিত কোন পরিচালক;

(১৯) "পরিকল্পনা, উন্নয়ন ও ওয়ার্কস কমিটি" অর্থ বিশ্ববিদ্যালয়ের পরিকল্পনা, উন্নয়ন ও ওয়ার্কস কমিটি;

(২০) "পরীক্ষা নিয়ন্ত্রক" অর্থ বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রক;

(২১) "প্রক্টর" অর্থ বিশ্ববিদ্যালয়ের প্রক্টর;

(২২) "প্রো-ভাইস-চ্যান্সেলর" অর্থ বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস-চ্যান্সেলর;

(২৩) "প্রভোস্ট" অর্থ বিশ্ববিদ্যালয়ের কোন হল প্রধান;

(২৪) "বাছাই বোর্ড" অর্থ ধারা ৩১ এর অধীনে গঠিত বাছাই বোর্ড;

(২৫) "বিভাগ" অর্থ বিশ্ববিদ্যালয়ের কোন বিভাগ;

(২৬) "বিভাগীয় চেয়ারম্যান" অর্থ কোন বিভাগের প্রধান;

(২৭) "বিশ্ববিদ্যালয়" অর্থ ধারা ৩ এর অধীন স্থাপিত শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়;

(২৮) "বোর্ড অব গভর্ণরস" অর্থ ইনস্টিটিউটের বোর্ড অব গভর্ণরস;

(২৯) "ভাইস-চ্যান্সেলর" অর্থ বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর;

(৩০) "মঞ্জুরী কমিশন" অর্থ University Grants Commission of Bangladesh Order, 1973 (P.O. No. 10 of 1973) এর অধীন গঠিত University Grants Commission of Bangladesh;

(৩১) "মঞ্জুরী কমিশন আদেশ" অর্থ University Grants Commission of Bangladesh Order, 1973 (P.O. No. 10 of 1973); (৩২) "রেজিস্ট্রার" অর্থ বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার;

(৩৩) "রেজিস্টারভুক্ত গ্রাজুয়েট" অর্থ এই আইনের বিধানানুযায়ী রেজিস্টারভুক্ত গ্রাজুয়েট; (৩৪) "শিক্ষক" অর্থ বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক, সহযোগী অধ্যাপক, সহকারী অধ্যাপক, বা প্রভাষক এবং বিশ্ববিদ্যালয় কর্তৃক শিক্ষক হিসাবে স্বীকৃত অন্য কোন ব্যক্তি;

(৩৫) "শৃঙ্খলা বোর্ড" অর্থ বিশ্ববিদ্যালয়ের শৃঙ্খলা বোর্ড;

(৩৬) "সিন্ডিকেট" অর্থ বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট;

(৩৭) "সংস্থা" অর্থ বিশ্ববিদ্যালয়ের কোন সংস্থা;

(৩৮) "সংবিধি", "অধ্যাদেশ" ও "প্রবিধান" অর্থ যথাক্রমে এই আইনের অধীন প্রণীত সংবিধি, বিশ্ববিদ্যালয়ের অধ্যাদেশ ও প্রবিধান;

(৩৯) "সংসদ নেতা" অর্থ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ জাতীয় সংসদের কার্যপ্রণালী বিধি এর বিধি ২(ব) তে সংজ্ঞায়িত সংসদ নেতা;

(৪০) "হোস্টেল" অর্থ বিশ্ববিদ্যালয়ের ছাত্রদের জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃক অনুমোদিত ছাত্রাবাস; (৪১) "হল" অর্থ বিশ্ববিদ্যালয়ের ছাত্রদের সম্মিলিত জীবন (corporate life) পরিচালন এবং পাঠ্যক্রম সহায়ক (extra-curricular instructions) কার্যক্রম শিক্ষাদানের জন্য বিশ্ববিদ্যালয়ের ব্যবস্থা ও রক্ষণাবেক্ষণাধীন ছাত্রাবাস।

(৪১) "হল" অর্থ বিশ্ববিদ্যালয়ের ছাত্রদের সম্মিলিত জীবন (corporate life) পরিচালন এবং পাঠ্যক্রম সহায়ক (extra-curricular instructions) কার্যক্রম শিক্ষাদানের জন্য বিশ্ববিদ্যালয়ের ব্যবস্থা ও রক্ষণাবেক্ষণাধীন ছাত্রাবাস।

**বিশ্ববিদ্যালয়**

৩। (১) বাংলাদেশ এগ্রিকালচারাল ইনস্টিটিউটকে উন্নীত ও রূপান্তর করিয়া, সরকার কর্তৃক ভিন্নতর সিদ্ধান্ত গৃহীত না হওয়া পর্যন্ত, উহার স্থান ও আঙ্গিনায় এই আইনের বিধান অনুসারে "শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয় (Shere-Bangla Agricultural University)" নামে একটি কৃষি বিশ্ববিদ্যালয় স্থাপিত হইবে।

(২) চ্যান্সেলর, ভাইস-চ্যান্সেলর, সিন্ডিকেট ও একাডেমিক কাউন্সিলের সকল সদস্য সমন্বয়ে শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয় গঠিত হইবে।

(৩) বিশ্ববিদ্যালয় হইবে একটি সংবিধিবদ্ধ সংস্থা, ইহার স্থায়ী ধারাবাহিকতা এবং একটি সাধারণ সীলমোহর থাকিবে এবং ইহার স্থাবর ও অস্থাবর উভয় প্রকার সম্পত্তি অর্জন করার, অধিকারে রাখার এবং হস্তান্তর করার ক্ষমতা থাকিবে; ইহা স্বীয় নামে মামলা দায়ের করিতে পারিবে বা ইহার বিরুদ্ধেও মামলা দায়ের করা যাইবে।

**বিশ্ববিদ্যালয়ের ক্ষমতা**

৪। এই আইনের বিধান সাপেক্ষে, বিশ্ববিদ্যালয়ের নিম্নবর্ণিত ক্ষমতা থাকিবে, যথা:-

(ক) কৃষি বিজ্ঞান বিষয়ে স্নাতক এবং পর্যায়ে শিক্ষাদান এবং বিশ্ববিদ্যালয় কর্তৃক বাছাইকৃত আধুনিক কৃষি বিজ্ঞান ও প্রযুক্তির ক্ষেত্রে গবেষণা, জ্ঞানের উত্কর্ষসাধন ও জ্ঞান বিতরণের ব্যবস্থা করা;

(খ) বিভাগ, অনুষদ এবং ইনস্টিটিউটে শিক্ষাদানের জন্য পাঠ্যক্রম নির্ধারণ করা;

(গ) বিভাগ, অনুষদ ও ইনস্টিটিউটের মধ্যে সমন্বয় সাধন করা;

(ঘ) বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত পাঠ্যক্রমে অধ্যয়ন সম্পূর্ণ করিয়াছেন এবং সংবিধির শর্তানুযায়ী গবেষণা কাজ সম্পূর্ণ করিয়াছেন এমন ব্যক্তিদের ডিগ্রী ও অন্যান্য একাডেমিক সম্মান প্রদান করা;

(ঙ) সংবিধিতে বিধৃত পদ্ধতিতে সম্মানসূচক ডিগ্রী প্রদান করা;

(চ) অনুষদ বা ইনস্টিটিউটের ছাত্র নহেন এমন ব্যক্তিদেরকে বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত সার্টিফিকেট ও ডিপ্লোমা প্রদানের উদ্দেশ্যে বক্তৃতামালা ও শিক্ষার ব্যবস্থা করা এবং সংবিধির শর্ত অনুযায়ী ডিপ্লোমা বা সার্টিফিকেট প্রদান করা;

(ছ) বিশ্ববিদ্যালয়ের প্রয়োজনে তত্কর্তৃক নির্ধারিত পন্থায় দেশে-বিদেশে অন্যান্য বিশ্ববিদ্যালয় ও সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সহিত সহযোগিতা ও যৌথ গবেষণা কর্মসূচী গ্রহণ করা;

(জ) বিশ্ববিদ্যালয়ের প্রয়োজনে অধ্যাপক, সহযোগী অধ্যাপক, সহকারী অধ্যাপক, প্রভাষক ও সুপারনিউমাখ্যারী অধ্যাপক ও এমেরিটাস অধ্যাপকের পদ এবং প্রয়োজনীয় অন্য কোন গবেষণা ও শিক্ষকের পদ সৃষ্টি করা এবং সংশ্লিষ্ট বাছাই বোর্ড কর্তৃক সুপারিশকৃত ব্যক্তিগণকে সেই সকল পদে নিয়োগ প্রদান করা;

(ঝ) বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের জন্য ডরমিটরী এবং ছাত্রদের জন্য হল স্থাপনপূর্বক সেইগুলির রক্ষণাবেক্ষণ ও পরিদর্শনের ব্যবস্থা করা এবং ছাত্রদের বসবাসের জন্য হোস্টেলের অনুমোদন ও পরিদর্শনের ব্যবস্থা করা;

(ঞ) মেধার স্বীকৃতি প্রদানের উদ্দেশ্যে সংবিধি অনুযায়ী ফেলোশীপ, স্কলারশীপ, পুরস্কার ও পদক প্রবর্তন ও বিতরণ করা;

(ট) শিক্ষা ও গবেষণার উন্নয়নের জন্য একাডেমিক যাদুঘর, পরীক্ষাগার, কর্মশিবির, অনুষদ এবং ইনস্টিটিউট স্থাপন, রক্ষণাবেক্ষণ ও পরিচালনা করা;

(ঠ) বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও ছাত্রদের নৈতিক শৃঙ্খলা তত্ত্বাবধান ও নিয়ন্ত্রণ করা, পাঠ্যক্রম সহায়ক কার্যক্রমের উন্নতি বর্ধন এবং তাঁহাদের স্বাস্থ্যের উত্কর্ষ সাধনের ব্যবস্থা করা;

(ড) অধ্যাদেশ দ্বারা নির্ধারিত ফিস দাবী ও আদায় করা;

(ঢ) বিশ্ববিদ্যালয়ের শিক্ষার সম্প্রসারণ ও উন্নয়নের জন্য কোন দেশী ও সরকারের পূর্ব অনুমোদনক্রমে, বিদেশী ব্যক্তি বা প্রতিষ্ঠানের নিকট হইতে কোন অনুদান ও চাঁদা গ্রহণ করা;

(ণ) এই আইনের বিধান সাপেক্ষে, কোন চুক্তিতে আবদ্ধ হওয়া, চুক্তি বাস্তবায়ন করা, চুক্তির শর্ত পরিবর্তন করা অথবা চুক্তি বাতিল করা:

তবে শর্ত থাকে যে, বিদেশী সরকার, সংস্থা বা কর্তৃপক্ষের সাথে চুক্তির ক্ষেত্রে সরকারের পূর্বানুমোদন গ্রহণ করিতে হইবে;

(ত) শিক্ষা ও গবেষণার উন্নতি ও অগ্রগতির জন্য পুস্তক ও সাময়িকী (Journal) প্রকাশ করা;

(থ) বিশ্ববিদ্যালয়ের উদ্দেশ্য সফল করার প্রয়োজনে অবদান রাখিতে পারেন এমন কোন ভিজিটিং অধ্যাপক, ইমেরিটাস অধ্যাপক, পরামর্শক, গবেষক, স্কলার বা অন্য কোন ব্যক্তিকে চুক্তিতে বা অন্য কোন ভাবে নিয়োগ করা;

(দ) ডিগ্রী, সার্টিফিকেট ও স্নাতকোত্তর ডিপ্লোমার জন্য শিক্ষাকার্যক্রম ও পাঠ্যক্রমসমূহের (curriculum ও syllabus) পরিকল্পনা গ্রহণ ও প্রণয়ন করা;

(ধ) অন্যান্য বিশ্ববিদ্যালয়সহ জাতীয় ও আন্তর্জাতিক কৃষি শিক্ষা, গবেষণা ও উন্নয়ন প্রতিষ্ঠান, পেশাদার সংগঠন ও সংস্থাকে সহযোগিতা প্রদান এবং উহাদের সহযোগিতায় বিশ্ববিদ্যালয়ের শিক্ষা, গবেষণা ও বহিরাঙ্গণ কার্যক্রমে উন্নয়ন, সম্প্রসারণ ও বাস্তবায়ন করা;

(ন) সরকারের পূর্বানুমোদন সাপেক্ষে, বিশ্ববিদ্যালয়ের নিকট উপযুক্ত বলিয়া বিবেচিত বাংলাদেশের অন্য যে কোন স্থানে শিক্ষা, গবেষণা ও বহিরাঙ্গণ কার্যক্রম পরিচালনার জন্য সুবিধামত অন্যান্য কেন্দ্র অথবা ক্যাম্পাস স্থাপন করা;

(প) সরকারের অনুমোদন সাপেক্ষে, বিশ্ববিদ্যালয়ের উচ্চতর কৃষি শিক্ষা, কৃষি গবেষণা, প্রযুক্তি উদ্ভাবন ও হস্তান্তর এবং কৃষি সম্প্রসারণে সমন্বিত কার্যক্রম গ্রহণ করা;

(ফ) বিশ্ববিদ্যালয়ের অভীষ্ট লক্ষ্য অর্জন ও বাস্তবায়নকল্পে প্রয়োজনীয় অন্যান্য কাজকর্ম সম্পাদন করা।

**জাতি-ধর্ম নির্বিশেষে সকলের জন্য বিশ্ববিদ্যালয় উন্মুক্ত**

৫। যে কোন জাতি, ধর্ম, বর্ণ, গোত্র এবং শ্রেণীর পুরুষ ও নারীর জন্য বিশ্ববিদ্যালয় উন্মুক্ত থাকিবে।

**বিশ্ববিদ্যালয়ের শিক্ষাদান**

৬। (১) বিশ্ববিদ্যালয়ের সকল স্বীকৃত শিক্ষা ও গবেষণা বিশ্ববিদ্যালয় অথবা ইনস্টিটিউট কর্তৃক পরিচালিত হইবে এবং পরীক্ষাগার বা কর্মশিবিরের সকল